পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়

# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangladesh Medical University

শাহবাগ, ঢাকা।

স্মারক নং-বিএমইউ/পনি/২০২৬/৬৫৪

তারিখ ঃ ০৪/০৬/২০২৬ ইং

## বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত মেডিকেল কলেজ/ইন্সটিটিউট এর অধ্যক্ষ/পরিচালক এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এমপিএইচ প্রোগ্রাম ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ২য় সেমিস্টার লিখিত, মৌখিক ও ব্যবহারিক এবং ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ৪র্থ সেমিস্টার থিসিস রাইটিং, থিসিস ডিফেন্স এন্ড থিসিস কম্প্রেহেনসিভ ভাইভা পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফিস জমা প্রদান সম্পর্কিত যাবতীয় নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

| প্রোগ্রাম | লিখিত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী (প্রস্তাবিত) | পরীক্ষার ফিস সহ বিশ্ববিদ্যালয়ে আবেদন ফরম জমাদানের শেষ তারিখ | পরীক্ষার ফিস (অফেরতযোগ্য) জমাদানের হিসাব নম্বর |
|---|---|---|---|
| এমপিএইচ<br>সেশন : ২০২৫-২০২৬<br>২য় সেমিস্টার | ১১/০৭/২০২৬ ইং হতে ১৫/০৭/২০২৬ ইং | ১৮/০৬/২০২৬ ইং | **SND A/C No. 1073,**<br>**Account Name - Controller of Exam. Public Health & Nursing**<br>পূবালী ব্যাংক পিএলসি, শাহবাগ এভিনিউ শাখা, ঢাকা-১০০০। |
| এমপিএইচ<br>সেশন : ২০২৪-২০২৫<br>৪র্থ সেমিস্টার (থিসিস) | | | |

| ক্র. | প্রোগ্রাম | পরীক্ষার ফিস |
|---|---|---|
| ১. | এমপিএইচ, ২য় সেমিস্টার - (নিয়মিত) | ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা |
| ২. | এমপিএইচ, ২য় সেমিস্টার (রি-টেক) | প্রতি কোর্সের জন্য ৬,০০০/- (ছয় হাজার) টাকা |
| ৩. | এমপিএইচ, ৪র্থ সেমিস্টার - থিসিস (নিয়মিত) | ২২,০০০/- (বাইশ হাজার) টাকা |
| ৪. | এমপিএইচ, ৪র্থ সেমিস্টার - থিসিস (রি-টেক) | ৮,৯২৫/- (আট হাজার নয়শত পঁচিশ) টাকা |
| বিঃ দ্রঃ | বিশ্ববিদ্যালয়ের স্মারকনং- বিএমইউ/২০২৫/৯৩১৪, তারিখঃ ২১/০৬/২০২৫খ্রিঃ অফিস আদেশ মোতাবেক পরীক্ষার ফিস ১৫% হ্রাস করে পুনঃনির্ধারণ করা হয়েছে। | |

**সকল পরীক্ষার্থীগণের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ**

১) পরীক্ষার্থীগণ আবেদন ফরম স্ব-স্ব অধিভুক্ত মেডিকেল কলেজ/ইন্সটিটিউট-এর কার্যালয় হতে **০৮/০৬/২০২৬ইং** তারিখ হতে সংগ্রহ করতে পারবেন।

২) আবেদনফর্মে পরীক্ষার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত এক কপি ছবি, প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে দুই কপি ছবি লাগাতে হবে এবং ১ম, ২য় ও ৩য় সেমিস্টার সমুহের মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে ।

৩) পরীক্ষার্থীগণ'কে নির্ধারিত ফরমে অবশ্যই ই-রেজিস্ট্রেশন ও রোল নম্বরসহ প্রয়োজনীয় তথ্য সমূহ উল্লেখ করতে হবে।

৪) **৪র্থ সেমিষ্টারের পরীক্ষার্থী'গণ ১ম, ২য় ও ৩য় সেমিষ্টারের পরীক্ষার কোনটি উত্তীর্ণ না হলে থিসিস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

৫) পরীক্ষার আবেদন ফরম পূরণ করে স্ব-স্ব বিভাগীয় প্রধান ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর এর মাধ্যমে মেডিকেল কলেজ/ ইনস্টিটিউট-এর অধ্যক্ষ/পরিচালক/বিভাগীয় প্রধান-এর কার্যালয়ে জমা দিবেন।

৬) মেডিক্যাল কলেজ/ইনস্টিটিউট-এর অধ্যক্ষ/পরিচালক/বিভাগীয় প্রধানগণ আগামী ১৮/০৬/২০২৬ইং তারিখের মধ্যে পরীক্ষার আবেদন ফরম সহ সংগৃহীত পরীক্ষার ফি (ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সহ এই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এর কার্যালয়ে (কক্ষ নং - ১০০, দোতলা, ব্লক-বি, বিএমইউ, শাহবাগ, ঢাকা) প্রেরণ করবেন।

৭) পরীক্ষার্থী'গণ প্রবেশপত্র স্ব-স্ব মেডিক্যাল কলেজ/ ইনষ্টিটিউট হতে সংগ্রহ করবেন।

৮) পরীক্ষার্থীগণ আবেদন ফরম কোন প্রকার ঘষা মাজা ছাড়া স্ব-হস্তে পূরণ করা করবেন।

০৪/৬/২৬

**(অধ্যাপক ডা. মো: জিললুর রহমান)**

পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং-বিএমইউ/পনি/২০২৬/৬৫৪ (০৮)

তারিখ ঃ ০৪/০৬/২০২৬ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। ডীন, প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

২। চেয়ারম্যান, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৩। অধ্যক্ষ/পরিচালক.............................................................................................।

৪। পরিচালক, আই সি টি সেল, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৫। বিভাগীয় প্রধান, কমিউনিটি মেডিসিন ডিপার্টমেন্ট, চট্রগ্রাম/ময়মনসিংহ/রাজশাহী /ঢাকা মেডিকেল/ঢাকা কমিউনিটি মেডিকেল/ স্যার সলিমুল্লাহ মেডিকেল/আদ্ দ্বীন মেডিকেল কলেজ, ঢাকা/জহুরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ।

৬। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৭। পিও টু রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৮। ম্যানেজার, পূবালী ব্যাংক পিএলসি, শাহবাগ এভিনিউ শাখা, ঢাকা।

০৪/৬/২৬

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক